

ডীন

চারুকলা অনুষদ
রাজশাহী বিশ্ববিদ্যালয়
রাজশাহী, বাংলাদেশ।

ফোন: অফিস : ৭১১৩০১

ই-মেইল :

facultyoffineartsru@gmail.com



Dean

Faculty of Fine Arts

University of Rajshahi

Rajshahi, Bangladesh.

Phone : Office : 711301

Email : facultyoffineartsru@gmail.com

সংখ্যা : চারু:অনু:/৫২২

তারিখ : ২২-১১-২০১৭

চারুকলা অনুষদ

ইউনিট-I

প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা: ২০১৭-২০১৮

ভর্তি বিজ্ঞপ্তি

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ সম্মান শ্রেণিতে ভর্তির জন্য চারুকলা অনুষদ ইউনিট-I এ চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র, মৃৎশিল্প ও ভাস্কর্য এবং গ্রাফিক ডিজাইন, কারুশিল্প ও শিল্পকলার ইতিহাস বিভাগের চূড়ান্ত মেধা তালিকা প্রকাশ করা হলো। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত অনলাইনে ভর্তি পদ্ধতি অনুযায়ী এই তালিকার পরীক্ষার্থীদের ভর্তি আগামী ০৩/১২/২০১৭ তারিখ থেকে শুরু হবে এবং ০৭/১২/২০১৭ তারিখে শেষ হবে। নির্ধারিত সময়ের মধ্যে কোন পরীক্ষার্থী ভর্তি হতে ব্যর্থ হলে তার মনোনয়ন চূড়ান্তভাবে বাতিল বলে গণ্য হবে।

উল্লেখ্য, উপরোল্লিখিত বিভাগসমূহে ভর্তিকৃত পরীক্ষার্থীরা অটো মাইগ্রেশনের আওতায় তাদের প্রদত্ত বিষয় পছন্দক্রম (যা পরীক্ষার্থী কর্তৃক ইতোমধ্যে অনলাইনে পূরণকৃত) অনুযায়ী ক্রমান্বয়ে সামনের দিকে অগ্রসর হওয়ার সুযোগ পাবে। অটো মাইগ্রেশন শেষে বিভিন্ন বিভাগে শূন্য আসনের বিপরীতে অপেক্ষমান তালিকা থেকে পর্যায়ক্রমে ভর্তি করা হবে।

অনলাইনে পূরণকৃত প্রিন্টেড ভর্তি ফরমে স্বাক্ষর করে চারুকলা অনুষদে জমা দেয়ার সময় প্রত্যেক পরীক্ষার্থীকে A4 সাইজের একটি খামের উপরে পরীক্ষার্থীর নাম, ভর্তি পরীক্ষার রোল নম্বর, বিভাগের নাম, ক্লাশ রোল নম্বর/স্টুডেন্ট আই.ডি. নম্বর এবং মোবাইল নম্বর লিখে নিম্নোক্ত কাগজপত্রসহ (পরীক্ষার্থী নিজে উপস্থিত থেকে) জমা দিতে হবে।

- (ক) অনলাইনে পূরণকৃত ভর্তি ফরমের প্রিন্ট করা দুই কপি (পরীক্ষার্থীর স্বাক্ষরসহ A4 সাইজ অফসেট কাগজে)
- (খ) এস.এস.সি./সমমান পরীক্ষার মূল মার্কস সার্টিফিকেট
- (গ) এইচ.এস.সি./সমমান পরীক্ষার মূল মার্কস সার্টিফিকেট
- (ঘ) ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (পরীক্ষা হলে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত Candidate Copy)
- (ঙ) এইচ.এস.সি./সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড
- (চ) অন-লাইনে ভর্তি ফরম পূরণ ও ভর্তি ফিস প্রদানের বিস্তারিত নিয়মাবলী <http://admission.ru.ac.bd> তে পাওয়া যাবে।
- (ছ) বিভাগীয় ফি প্রদান সংক্রান্ত তথ্যাবলী বিভাগ থেকে জেনে নিতে হবে।

পরীক্ষার্থী কর্তৃক প্রদত্ত তথ্যাবলীতে কোনরূপ অসংগতি পরিলক্ষিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

প্রকাশিত ফলাফলে কোন ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের থাকবে।

প্রফেসর ড. মোঃ মোস্তাফিজুর রহমান

চীফ কো-অর্ডিনেটর, ইউনিট- I

প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা- ২০১৭-১৮

ও

অধিকর্তা, চারুকলা অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।

ডীন

চারুকলা অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়

রাজশাহী, বাংলাদেশ।

ফোন: অফিস : ৭১১৩০১

ই-মেইল :

facultyoffineartsru@gmail.com



Dean

Faculty of Fine Arts

University of Rajshahi

Rajshahi, Bangladesh.

Phone : Office : 711301

Email : facultyoffineartsru@gmail.com

সংখ্যা : চারু:অনু:/৫২২

তারিখ : ২২-১১-২০১৭